

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
শৃঙ্খলা শাখা  
[www.mefwd.gov.bd](http://www.mefwd.gov.bd)

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.০২৮.১৯-২২০

তারিখ: ২৬ গৌষ ১৪২৭  
৩২ ডিসেম্বর ২০২০

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব এস.এম. জাফরী, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর এর বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, তিনি নড়াইল জেলার সদর উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা হিসেবে কর্মকালীন উক্ত কার্যালয়ের আওতাধীন কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে তাদের ভ্রমণ ভাতা বিল ও শান্তি বিনোদন ভাতা অনুমোদন এবং পেনশন নথি অগ্রগামী করার জন্য অনৈতিক ও বিধি বহির্ভূতভাবে টাকা গ্রহণ করেছেন এবং তার এহেন অনৈতিক কর্মকান্ডের ফলে নড়াইল জেলার সদর উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে। উক্ত অভিযোগের ভিত্তিতে তার বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর ৩ এর দফা (খ) ও (ঘ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়।


২। যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং গত ১৭/০৯/২০২০ খ্রি. তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। বিভাগীয় কার্যধারা অগ্রসর হওয়া যৌক্তিক প্রতীয়মান হওয়ায় জনাব এস.এম. জাফরী এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তে জনাব এস.এম. জাফরী এর বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩(খ) অনুযায়ী আনীত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে এবং উক্ত বিধিমালার ৩(ঘ) অনুযায়ী আনীত দুর্নীতির অভিযোগ প্রমাণিত হয়নি। অভিযুক্তের বিরুদ্ধে উত্থাপিত অসদাচরণের অভিযোগটি প্রমাণিত হওয়ায় তাকে ২য় কারণ দর্শানো নোটিশ দেয়া হয়। অভিযুক্ত কর্মকর্তা ২য় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন।

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব এস.এম. জাফরী, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর এর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত ২য় কারণ দর্শানো নোটিশের জবাব পর্যালোচনা করে দেখা যায় যে, তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে সাক্ষ্য প্রমাণাদি বিশ্লেষণ করে অসদাচরণের অভিযোগ প্রমাণের সমর্থনে যে সকল যৌক্তিকতা তুলে ধরেছেন, ২য় কারণ দর্শানো নোটিশের জবাবে অভিযুক্ত কর্মকর্তা উক্ত যুক্তিসমূহ খণ্ডন করে যথাযথ বক্তব্য ও যুক্তি প্রদর্শনে আদৌ সক্ষম হননি। এমতাবস্থায় অভিযুক্ত কর্মকর্তা অসদাচরণের অভিযোগে শাস্তি পাওয়ার যোগ্য।

৪। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা, জনাব এস.এম. জাফরী একজন প্রবীন কর্মকর্তা বিধায় তার বয়স, শরীরিক অবস্থা ও আনীত অভিযোগ সামগ্রিকভাবে বিবেচনাযোগ্য।

৫। সেহেতু, জনাব এস.এম. জাফরী, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোরকে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর ৭(১১)(ক) বিধি অনুযায়ী লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো এবং উক্ত বিধিমালার ৩(খ) মোতাবেক অসদাচরণের অভিযোগে ৪(২)(খ) বিধি মোতাবেক প্রজ্ঞাপন ইস্যুর তারিখ হতে ০১ (এক) বৎসর সময়কালের জন্য বেতন বৃদ্ধি স্থগিত করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


  
৩১/১২/২০  
(মোঃ আলী নূর)  
সচিব

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.০২৮.১৯- ২ ২০

তারিখ: ১৬ পৌষ ১৪২৭  
৩২ ডিসেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।
- ২। পরিচালক, এমআইএস, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা (ডেটাবেইজে সংরক্ষণ করার জন্য)।
- ৩। উপসচিব (পার-২ অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের কপি এ বিভাগে প্রেরণের অনুরোধসহ)।
- ৬। উপরিচালক (শৃঙ্খলা), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।
- ৭। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা কার্যালয়, নড়াইল/যশোর।
- ৮। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নড়াইল/যশোর।
- ৯। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সদর, নড়াইল/বাঘারপাড়া, যশোর।
- ১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ইমেইলে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। জনাব এস.এম. জাফরী, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।

  
৩২/১২/২০২০  
(উম্মো কুলসুম)  
উপসচিব

ফোন: ৯৫৪৬৩৭৬

Email: [disc1@mefwd.gov.bd](mailto:disc1@mefwd.gov.bd)